eklavya

BANGLA

এই ম্যাটি বস!

বসে পড় ম্যাটি!

ইন্দু এল. হরিকুমার



এই ম্যাটি, বস!
বসে পড় ম্যাটি!

ইন্দু এল. হরিকুমার

অনুবাদ: শুভদীপ মিত্র

eklavya

ম্যাটি আঁকতে ভালোবাসতো।
ও যেখানে সেখানে আঁকতো।

ম্যাটি আঁকতে ভালোবাসতো।
ও যেখানে সেখানে আঁকতো।

ম্যাটি কিন্তু বাকি সকলের মতো আঁকতো না, ও নাচতে নাচতে আঁকতো।

মাঝে মাঝে ও পেন্সিল রেখে দিয়ে ছুটে বেড়াবে, তার পর
ফিরে এসে ফের আঁকবে। কিছুতেই বসে থাকতে পারতো না।

মা ভাবলো, "আঁকার ক্লাসে গেলে ম্যাটির ভালো লাগতে পারে। দিদিমণি ম্যাটিকে বসিয়ে দেবে। হয়তো আঁকতে আঁকতে ও শান্ত হবে, আর এক জায়গায় বসে থাকবে।" তাই মা তাকে এক আঁকার ক্লাসে পাঠালো।

ক্লাসে ম্যাটি আঁকে আর আঁকে। তার পর, সে নাচতে শুরু করলো। দিদিমণির ম্যাটির নাচ দেখে খুব ভালো লাগলো, বললো, “ম্যাটি, তোমার তালের বোধ তো খুব ভালো।”

এক দিন দিদিমণি দেখলো, ম্যাটি ক্লাসের মধ্যে দৌড়চ্ছে। দৌড়ে দৌড়ে ক্লান্ত হলে সে বসে পড়ে আঁকতে থাকে। তার পর আবার ছোটে। দিদিমণি বুঝলো যে ওকে থামাতে হবে, নইলে অন্য বাচ্চারাও একই কাণ্ড করবে।

দিদিমণি বললো, “ম্যাটি, বসে বসে আঁকো।” ম্যাটি একটু বসে, কিন্তু তার পর আবার ছোটে। দিদিমণি তখন একটু জোরে বললো, “বসো ম্যাটি!” দিদিমণি ম্যাটির পিছনে ছোটে, কিন্তু ম্যাটি কিছুতেই বসতে পারে না। তাই দিদিমণি ম্যাটিকে কিছু লজেন্স দেয়।

লজেন্স পেলে ম্যাটি খাবে আর ছুটে বেড়াবে, তার পর এসে বসে আঁকবে। আবার মাঝে মাঝে নাচবে।

অন্য বাচ্চারা বললো, “দিদিমণি, ম্যাটিকে বসতে বলো না।”
“এই ম্যাটি, বোস! বসে পড় ম্যাটি!”

শেষে দিদিমণি বললো, “ম্যাটিকে ছেড়ে দাও, ও দৌড়োক আর নাচুক, আমরা বরং আঁকি। ও তো আর আমাদের বিরক্ত করছে না।”

কিছু দিন পর, দিদিমণি দেখলো যে ম্যাটি একটা নতুন জিনিস করা শুরু করেছে। ও এখন আঁকছে, নাচছে, দৌড়চ্ছে, আর তার পর, কাগজ দিয়ে রকেট বানাচ্ছে। সেই রকেটগুলো দেয়ালের দিকে ছুড়ছে।

রকেটগুলো দেয়ালে ধাক্কা খেলে ম্যাটি তাদের তুলে নিয়ে আবার ছুড়ত। রকেটগুলো ছিঁড়ে পড়ে গেলে ও সেগুলো তুলে ডাস্টবিনে ফেলে দিতো।

দিদিমণি জানতো ওকে থামাতে পারবে না, তাই ম্যাটিকে নিজের মতন থাকতে দিতো। কিন্তু অন্য বাচ্চারা বলতো, “ম্যাটিকেও আমাদের মতো বসে আঁকতে হবে।”

“এই ম্যাটি, বস! বসে পড় ম্যাটি!”

ওরা মেঝে থেকে ম্যাটির রকেট তুলে নিয়ে দিদিমণির কাছে নিয়ে আসতো। দিদিমণি বললো, “ম্যাটিকে দৌড়োতে দাও আর রকেট বানাতে দাও। আমরা বরং ম্যাটির রকেটগুলো দিয়ে নতুন কিছু করি, কি বলো?” বাচ্চারা রাজি হলো।

তাই ম্যাটি যখন আঁকছে, নাচছে, দোড়োচ্ছে আর রকেট বানাচ্ছে, দিদিমণি আর অন্য বাচ্চারা তখন তার রকেটগুলো আর তাদের নিজেদের আঁকা ছবি সব সুতো দিয়ে মালার মতো গেঁথে বড়দিনের এক সাজ বানালো।

বড়দিনের ছুটির আগে ওটাই ছিল শেষ ক্লাস। বাচ্চারা তাদের সাজ নিয়ে খুশি। দিদিমণি তাদের প্রত্যেককে একটা করে হাতে-আঁকা লকেট দিল। ম্যাটিকে তার লকেট দেয়ার সময় ও বললো, “দিদিমণি, এটা তোমার জন্য।”

ম্যাটি দিদিমণিকে তার আঁকা কিছু ছবি পিন দিয়ে জুড়ে উপহার দিল।

ও বললো, “জানো, আমি তোমাকে কেন ভালোবাসি? সবাই শুধু বলে যে আমাকে কী করতে হবে—এটা কোরো না। ওটা করবে না। এক জায়গায় বসো। এই ম্যাটি, বোস! বসে পড় ম্যাটি... তুমি তো কখনো এরকম বলোনি।”

দিদিমণি ম্যাটিকে জড়িয়ে ধরলো।

"ম্যাটি যখন আমাকে ওর আঁকা ছবিগুলো দিয়েছিলো তখন ওর বয়স ছিল সাত বছর। এখন আর আমি ওকে আঁকা শেখাই না, কিন্তু এখনও ওর সব ছবি আমার কাছে আছে। ঠিক ম্যাটির মতোই, ছোটবেলায় আমিও কখনো এক জায়গায় বসতে পারিনি। আমিও না ছুটে পারতাম না। তাই আমার মা-বাবা আমাকে একটা ড্রয়িং ক্লাসে পাঠান। সেখানে আমি ছোটাছুটি করিনি, কিন্তু আমি সমানে কথা বলতাম, আর আমার দিদিমণি বলতে দিতেন।"

ম্যাটি, বস! বসে পড় ম্যাটি!

MATTIE BOSH! BOSHE PAR MATTIE!

Indu L. Harikumar

Translation: Shubhadip Mitra

Design: Ishita Debnath Biswas

Story and Illustrations: Indu Harikumar, November 2021

Eklavya Foundation, May 2026

You are free to copy and distribute the story and the illustrations with no change for non-commercial purposes with attribution to theoriginal author, illustrator and publisher. For any other kind ofpermissions, including emixing, transforming or building upon the story or the illustrations in this book, the author and illustrator must be contacted through the publisher.

Supported by Parag: Parag, an initiative of Tata Trusts, endeavors to transform childhoods through joyful reading and, since 2005, has enabled innovation across themes, genres, formats, and languages in children's publishing.

First Edition: June 2026 / 1000 copies

Paper: 100 GSM Maplitho and 250 GSM FB Board (Cover)

ISBN: 978-93-7612-109-0

Price: ₹ 110.00

Published by:

Eklavya Foundation

Jamnalal Bajaj Parisar,

Jatkhedi, Bhopal (MP) 462 026

Phone: +91 755 297 7770-71-72

eklavya.in | wordsonwings@eklavya.in

Printed at: R K Secuprint Pvt Ltd, Bhopal; Phone: +91 755 268 7589

ইন্দু এল হরিকুমার একজন শিল্পী এবং লেখক, যিনি খুঁজে পাওয়া জিনিসপত্র নিয়ে কাজ করতে ভালোবাসেন। এর আগে তিনি শিল্পের মাধ্যমে শিশুদের শিক্ষা দিয়েছেন এবং শিশুদের জন্য বেশ কয়েকটি বই লিখেছেন আর সেগুলোর জন্যে ছবি এঁকেছেন। তাঁর কাজ ভারত ও বিদেশে প্রদর্শিত হয়েছে। ইন্দু 2021 সালে জেন্ডার সেনসিটিভিটির জন্য লাডলি মিডিয়া অ্যান্ড অ্যাডভারটাইজিং অ্যাওয়ার্ডস পেয়েছেন। তিনি বলিউডি গান গাইতে গাইতে কাজ করতে ভালোবাসেন।

ম্যাটি আঁকতে ভালোবাসতো , কিন্তু কিছুতেই এক জায়গায় বসে আঁকতে পারতো না। সে একটু দৌড়তো, একটু নাচতো, তার পর একটু আঁকতো। ক্লাসের অন্য বাচ্চারা চাইতো সেও তাদের মতো শান্ত হয়ে বসুক। ছবি আঁকার জন্য ম্যাটি আর কী কী করতো বলো তো?

parag
AN INITIATIVE OF TATA TRUSTS

eklavya

মূল্য: ₹ 110.00

9 789376 121090